

**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**  
**বাংলাদেশ ব্যাংক**  
**প্রধান কার্যালয়**  
**ঢাকা**

এফ,ই সার্কুলার নং-০৬

তারিখঃ

জ্যৈষ্ঠ ২৩, ১৪১২  
জুন ০৬, ২০০৫

বৈদেশিক মুদ্রা লেনদেনের  
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**আগামী ২০০৫-২০০৬ অর্ষ বছরে রপ্তানি**  
**ভর্ত্বকী/নগদ সহায়তা পুদান পুসংগে।**

দেশের রপ্তানি বাণিজ্যকে উৎসাহিত করিবার লক্ষ্যে সরকার কর্তৃক পূর্ববর্তী বছরসমূহের ন্যায় আগামী অর্ষ বছরেও (২০০৫-২০০৬) অর্থাৎ জুলাই ০১, ২০০৫ তারিখ হইতে জুন ৩০, ২০০৬ তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত নিম্নোক্ত পণ্যসমূহের রপ্তানির ক্ষেত্রে নীট এফওবি মূল্যের উপর নিম্নোক্ত হারে রপ্তানি ভর্ত্বকী/নগদ সহায়তা পরিশোধ্য হইবে :-

১) হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ - ১০%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার ২৩, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ এবং সার্কুলার পত্র নং-৫৯১, তারিখ মে ১৮, ২০০৩, সার্কুলার পত্র নং ৬৬১, তারিখ জুন ০৩, ২০০৩ এবং সার্কুলার পত্র নং ২০৬, তারিখ নভেম্বর ১২, ২০০৩ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

২) চামড়াজাত দ্রব্যাদি - ১৫%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ০৯, ১১, ১৭, ১৯ এবং ২৪ তারিখ যথাক্রমে এপ্রিল ১৭, ২০০০, মে ০৮, ২০০০, সেপ্টেম্বর ১৯, ২০০০, অক্টোবর ১৮, ২০০০ এবং ডিসেম্বর ০৬, ২০০০ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

৩) তামাক - ১০%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ১৪, তারিখ নভেম্বর ২২, ২০০৩ এবং সার্কুলার পত্র নং ৩০৪, তারিখ ডিসেম্বর ১৮, ২০০৩ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

৪) বাইসাইকেল - ১৫%। এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ২৭ ও ০৯, তারিখ যথাক্রমে ডিসেম্বর ১২, ২০০২ ও নভেম্বর ২২, ২০০৪ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য :

পূর্ব পৃষ্ঠার পরঃ

৫) হাড়ের গুঁড়া - ১৫% । এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ২৫, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ এবং সার্কুলার পত্র নং-৫৩৯, তারিখ জুলাই ১৫, ২০০৪ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে ।

৬) আলু - ২০% । এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ০১, তারিখ জানুয়ারী ২৮, ২০০৪ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে ।

৭) পাটজাত পণ্য - ৭.৫% । এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই সার্কুলার নং ১১ ও ০৮, তারিখ যথাক্রমে নভেম্বর ১৬, ১৯৯৮ ও নভেম্বর ০৩, ২০০৪ এবং সার্কুলার পত্র নং ১১, তারিখ জানুয়ারী ০৮, ২০০৪ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে ।

৮) হোগলা, খড়, আখের ছোবড়া ইত্যাদি দিয়া হাতে তৈরী পণ্য উৎপাদনে দেশে উৎপাদিত কাঁচামাল ৮০% এর উর্ধ্ব ব্যবহৃত হইলে প্রত্যাবাসিত নীট এফওবি মূল্যের ১৫% এর পরিবর্তে ২০% এবং দেশে উৎপাদিত কাঁচামাল ৫০% এর উর্ধ্ব ব্যবহৃত হইলে ১০% এর পরিবর্তে ১৫% হারে রপ্তানি ভতূকী/নগদ সহায়তা প্রদান করা যাইবে । এ বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত এতদসংক্রান্ত এফ,ই, সার্কুলার নং ২৬ ও ১০, তারিখ ডিসেম্বর ১২, ২০০২ ও নভেম্বর ২২, ২০০৪ এবং সার্কুলার পত্র নং ৫৪০ ও ৮৮৫, তারিখ যথাক্রমে জুলাই ২৫, ২০০৪ ও ডিসেম্বর ২৩, ২০০৪ এর অন্যান্য সকল নির্দেশাবলী অপরিবর্তিত থাকিবে ।

০৩। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদনুসারে অবহিতকরনের জন্য অনুরোধ করা যাইতেছে ।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার খালিদুর রহমান)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোনঃ ৭১২০৩৭৫